জরুরী
বিশেষ বাহক দ্বারা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৬.১৪-৯৮ তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকা রংপুর-৩/ঢাকা-৪/ঢাকা-৫/ঢাকা-৯/ঢাকা-১১/ঢাকা-১৪ ও ঢাকা-১৮-এর অনুকূলে ২য় পর্যায়ে খাদ্যশস্য (গম)-এর মূল বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০১৪-১৫ অর্থ বছরের কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা) কর্মসূচির খাত থেকে আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকা রংপুর-৩/ঢাকা-৪/ঢাকা-৫/ঢাকা-৯/ ঢাকা-১১/ঢাকা-১৪ ও ঢাকা-১৮-এর অনুকূলে নিম্নবর্ণিতভাবে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে পার্শ্বেবর্ণিত বিভাজন অনুসারে ৪৪৩.৭১৫ (চারশত তেতাল্লিশ দশমিক সাত এক পাঁচ) মে. টন টন খাদ্যশস্য (গম)-এর মূল বরাদ্দ মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর প্রদান করা হলো।

| ক্রমিক | আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকা এবং ইউনিয়ন সংখ্যা | ২য় পর্যায়ে বরাদ্দের পরিমাণ (গম) |
|---|---|---|
| ১। | ২১ রংপুর-৩ (৫টি ইউনিয়ন) | ১৩৬.৩৬৩ মে. টন |
| ২। | ১৭৭ ঢাকা-৪ (১টি ইউনিয়ন) | ১৭.৬৪৭ মে. টন |
| ৩। | ১৭৮ ঢাকা-৫ (৪টি ইউনিয়ন) | ৭০.৫৮৮ মে. টন |
| ৪। | ১৮২ ঢাকা-৯ (৩টি ইউনিয়ন) | ৫২.৯৪১ মে. টন |
| ৫। | ১৮৪ ঢাকা-১১ (৪টি ইউনিয়ন) | ৭০.৫৮৮ মে. টন |
| ৬। | ১৮৭ ঢাকা-১৪ (১টি ইউনিয়ন) | ২৫.০০০ মে. টন |
| ৭। | ১৯১ ঢাকা-১৮ (৪টি ইউনিয়ন) | ৭০.৫৮৮ মে. টন |
| | সর্বমোট : | ৪৪৩.৭১৫ মে. টন গম |

শর্তসমূহ :

১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ৩০ এপ্রিল ২০১৫ খ্রি. তারিখের মধ্যে কাবিখা নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি নির্দেশিকা" অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং এ মন্ত্রণালয় ও অধিদপ্তর বরাবর বাস্তবায়ন বিষয়টি অবহিত করতে হবে;

৩) এ কর্মসুচির খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল বিধি-বিধান ও শর্ত ১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;

৪) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন নং-৯৫৪০১৩৯
ই-মেইল: dsrelief prog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৬.১৪-৯৮/১(১০) তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/রংপুর।
৫। জেলা প্রশাসক, ঢাকা/রংপুর (সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণকে অবগত করানোর অনুরোধসহ)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)